



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ২৯ই মার্চ ২০১৬

উদ্ধৃতি

বাংলাদেশ দূতাবাস, এথেন্স কর্তৃক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৬ উপলক্ষে অভ্যর্থনা অনুষ্ঠান উদ্বোধিত

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, এথেন্স স্থানীয় একটি হোটেলে অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করে। স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্বোধন উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে গ্রীস-বাংলাদেশ সংসদীয় গ্রুপের চেয়ারম্যান, গ্রীস সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়সহ বিভিন্ন দফতরের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, এথেন্সে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ, স্থানীয় গ্রীক উদ্যোক্তা ও ব্যবসায়ী, বিশিষ্ট গ্রীক ব্যক্তিবর্গ, বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, ব্যবসায়ী ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অভ্যর্থনা অনুষ্ঠানের শুরুতেই গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব জসীম উদ্দিন কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। রাষ্ট্রদূত তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে অভ্যাগত অতিথিদের শুভেচ্ছা জানান। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা উল্লেখ করেন। তিনি আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকার কথাও উল্লেখ করেন। বাংলাদেশ ও গ্রীসের মধ্যে বিদ্যমান ইতিবাচক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের অনুমোচিত সম্ভাবনা উন্মুক্ত করার উপর জোর দেন। অভ্যর্থনা অনুষ্ঠানে বাংলাদেশের ওপর নির্মিত প্রামাণ্যচিত্রও প্রদর্শিত হয়।

উদ্ধৃতি সমাপন

Tarikul Islam
Md. Tarikul-Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd